8

দৈনিক [illegible]কণ্ঠ

তারিখ ... 2.3..DEC 1994

পৃষ্ঠা ০২ কলাম ১

# জুনিয়র বৃত্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস ?

*স্টাফ রিপোর্টার॥* বুধবার সমাপ্ত এ বছরের জুনিয়র বৃত্তি পরীক্ষার প্রশ্নপত্রের গোপনীয়তা নিয়ে প্রশ্ন দেখা দিয়েছে। বুধবার অনুষ্ঠিত গণিত ও বিজ্ঞান (রচনামূলক) বিষয়ের প্রশ্নপত্রের সঙ্গে গত ১৫ ডিসেম্বর আরমানিটোলা সরকারী উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত এই স্কুলের বৃত্তি পরীক্ষার্থীদের কোচিং পরীক্ষার প্রশ্নপত্র মিলালে তাই মনে হবে। স্কুলের এক পরীক্ষার্থীর কাছ থেকে পাওয়া এই বিষয়ের বৃত্তি পরীক্ষা এবং কোচিং পরীক্ষার প্রশ্নপত্র মিলিয়ে দেখা গেছে মোট ১০টি প্রশ্নের মধ্যে মাত্র দু'টি ছাড়া বাকি প্রশ্নগুলো হুবহু এক। ৫০ নম্বরের এই পরীক্ষায় মূল প্রশ্নপত্রের সঙ্গে আরমানিটোলা স্কুলের কোচিং পরীক্ষার প্রশ্নপত্রের যে দু'টি অংকের হেরফের ঘটেছে তার নম্বর মাত্র ৮।